গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক, (পলাশী-নীলক্ষেত),ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd ; email : info@banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.০৩৩.১৭(পার্ট-৩)/২৮৪ তারিখ ঃ ১৬ শ্রাবণ ১৪২৬ / ৩১ জুলাই ২০১৯

**বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' যথাযোগ্য মর্যাদায় পালন।**

সূত্রঃ ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০৬৬.১৬-২৭৮ তারিখ: ২৯ জুলাই ২০১৯

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর আওতাধীন উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE)-তে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৪তম শাহাদাত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

২। উল্লেখ্য যে, UITRCE ভবনের দেওয়ালের দৃশ্যমান স্থানে উপর থেকে নিচ পর্যন্ত ১৫ ফুট×৪ ফুট সাদা কালো ব্যানার (কপি সংযুক্ত) ১ আগষ্ট থেকে ৩১ আগষ্ট পর্যন্ত ঝুলানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৩১/৭/১৯
(মোঃ ওসমান ভুইয়া)
পরিচালক
ব্যানবেইস
ফোন: ৫৫১৫২১০২

১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা, ..............................জেলা,................................
২) সহকারী প্রোগ্রামার, UITRCE
উপজেলা, ................................জেলা, ...........................

**অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে)ঃ**
(১) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(২) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
(৩) চীফ, পরিসংখ্যান বিভাগ/চীফ, ডিএলপি বিভাগ/ সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি বিভাগ, ব্যানবেইস, ঢাকা।
(৪) উপপরিচালক (প্রশাসন), ব্যানবেইস, ঢাকা।
(৫) জেলা শিক্ষা অফিসার, জেলা.......................... ।
(৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্যানবেইস, ঢাকা।
(৭) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা সমন্বয়

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ সোহরাব হোসাইন
সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

তারিখ : ২৩ জুলাই, ২০১৯

সময় : সকাল-১০.০০ মিনিট

সভার স্থান : সম্মেলন কক্ষ ( কক্ষ নং-১৮১৫), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভায় কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। একই সাথে তিনি ১৫ আগস্ট নিহত অন্যান্য সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করেন। তিনি বলেন বরাবরের ন্যায় এবারেও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন করবে। তিনি আরো বলেন, দিবসটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রতিবছর এ বিভাগ কর্তৃক প্রণীত কর্মসূচিসমূহ অত্যন্ত সুন্দর ও সুশৃঙ্খলভাবে বাস্তবায়িত হয়। এ বছরও তার ব্যত্যয় ঘটবে না বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি বলেন, এ বছর পবিত্র ঈদুল আযহার ছুটি এবং শোক দিবস ও পরবর্তী সাপ্তাহিক ছুটির মাঝে একটি মাত্র কর্মদিবস রয়েছে। অতএব, শোকদিবসের কর্মসূচিতে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি এবং দিবসটি পালনে কোনরুপ শৈথিল্য যাতে না ঘটে সে বিষয়টি নিশ্চিত করতে স্ব স্ব দপ্তর/সংস্থা প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। এরপর সভাপতির অনুমতিক্রমে ড. অরুণা বিশ্বাস, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) দিনটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য গত ০৯ জুলাই, ২০১৯ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্ত ও প্রস্তাবিত কর্মসূচি এবং গত বছর এ বিভাগের প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রণীত কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত কর্মসূচি অনুযায়ী ১৫ আগস্ট, ২০১৯ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৪তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে; | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়, বেসরকারি মাধ্যমিক, সরকারি মাধ্যমিক, কলেজ), সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর প্রধান, সকল শিক্ষা বোর্ড এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। |

সোহরাব

| | | |
|---|---|---|
| ২ | ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থাসমূহের পক্ষ থেকে ১৫ আগস্ট, ২০১৯ তারিখ সকাল ৭.৩০ মিনিটে ধানমন্ডিস্থ ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সূচারুরূপে সম্পন্ন করার জন্য এ বিভাগ মূল ব্যানার এবং মা.উ.শি. অধিদপ্তর পুষ্পস্তবক ও কালো ব্যাজ তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ ছাড়া, মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর-সংস্থা মন্ত্রণালয়ের সাথে তাদের নিজস্ব ব্যবস্থাপনায় পুষ্পস্তবক এবং ব্যানারসহ উপস্থিত থেকে পুষ্পস্তবক অর্পণ করবে। সম্মিলিতভাবে এ কার্যক্রমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করতে ১৫ আগস্ট, ২০১৯ তারিখ সকাল ৭.১৫ মিনিটের পূর্বে কলাবাগানস্থ লাজ ফার্মার সামনে সকল কর্মকর্তা-কর্মচারী একত্রিত হবেন। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এ কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সার্বিক তত্ত্বাবধান করবেন;<br><br>খ) সকল প্রতিষ্ঠানের ব্যানারের সাইজ একই হবে (১২´×৩´) এবং কালো কাপড়ের ব্যানারে সাদা লেখা হবে;<br><br>গ) এ বিভাগসহ এর আওতাধীন সকল অধিদপ্তর,দপ্তর/সংস্থায় মাসব্যাপী অর্থাৎ ০১ আগস্ট থেকে ৩১ আগস্ট ২০১৯ পর্যন্ত শোক দিবসের ব্যানার টানানো থাকবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, উপ-সচিব (প্রশাসন), সিনিয়র সহকারী সচিব (সেবা), সকল অধিদপ্তর, দপ্তর ও সংস্থা প্রধান। |
| ৩. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন কর্মসূচির অংশ হিসেবে এ বিভাগ এবং এর অধীন অধিদপ্তর, দপ্তর, সংস্থা ও ঢাকাস্থ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অংশগ্রহণে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কীর্তির উপর আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। মাননীয় মন্ত্রীর সাথে আলোচনাক্রমে অনুষ্ঠানের তারিখ ও সময় নির্ধারণ করা হবে। এ কর্মসূচি বাস্তবায়নে মা.উ.শি. অধিদপ্তর প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট। |
| ৪. | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত পোস্টার জেলা তথ্য অফিস হতে সংগ্রহ করে সারা দেশের স্কুল কলেজে স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রদর্শনের জন্য মা.উ.শি. অধিদপ্তর জেলা অফিসসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা দিবে। | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ৫. | সকল পাবলিক-প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্ব স্ব ব্যবস্থাপনায় তাদের প্রতিষ্ঠানে জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এ জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। এ ছাড়া, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নিজস্ব ব্যবস্থাপনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কীর্তির উপর সুবিধাজনক সময়ে স্মারক বক্তৃতার আয়োজন করবে। এ জন্য ইউ.জি.সি. কর্তৃপক্ষ প্রথিতযশা ব্যক্তিদের আলোচক হিসেবে আমন্ত্রণ জানানোর উদ্যোগ গ্রহণ করবে। | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন |

সোহরাব

| | | |
|---|---|---|
| ৬. | ক) দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল-কলেজে) আগামী ১৫ আগস্ট, ২০১৯ তারিখ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সংগে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ্-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। তবে ঐ দিন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (জাতীয় ছুটির দিন থাকায়) কোনরূপ শ্রেণি কার্যক্রম পরিচালিত না হলেও শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ প্রতিষ্ঠানে যথারীতি উপস্থিত থেকে এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহে যোগদান করবেন। এ দিনের অনুষ্ঠানসমূহে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধানগণ তাদের অধিক্ষেত্রাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা দেবেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর আওতাধীন সকল কর্মকর্তা ও শিক্ষকবৃন্দের কর্মস্থলে উপস্থিত থেকে শোক দিবসের কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আদেশ জারি করবে;<br><br>খ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কর্মসূচি-কার্যক্রম গ্রহণ ও পালন করছে কিনা তা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহ মনিটরিং করবে। | অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক, সরকারি মাধ্যমিক, কলেজ), মাধ্যমিক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সকল শিক্ষা বোর্ড এবং সকল প্রতিষ্ঠান প্রধান। |
| ৭. | জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদার সংগে পালনের জন্য আয়োজিত সকল অনুষ্ঠানে জেলা-উপজেলায় কর্মরত শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর-সংস্থা-দপ্তরসমূহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে; | অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক, সরকারি মাধ্যমিক, কলেজ),- সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধান। |
| ৮. | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা গ্রন্থ দুটি এবং বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠানে ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসেবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন, বিশ্ববিদ্যালয়, বেসরকারি মাধ্যমিক, সরকারি মাধ্যমিক, কলেজ), সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর প্রধান। |
| ৯. | জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় শোক দিবসের অন্য যে কোন কর্মসূচি পালন করতে পারবে। | সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠান। |
| ১০. | জাতীয় কর্মসূচির আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর, দপ্তর ও সংস্থাসমূহ আগস্ট ২০১৯ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। উক্ত সভার পূর্বেই এ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধান এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৮.০৭.২০১৯
(মোঃ সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব

নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০৬৬.১৬-২৭৮

তারিখ: ১৪ শ্রাবণ, ২৪২৫ / ২৯ জুলাই, ২০১৯

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:**

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন]
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ, উন্নয়ন, মাধ্যমিক-২, কলেজ, বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক-১, নিরীক্ষা ও আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. চেয়ারম্যান,এন.টি.আর.সি.এ.,বোরাক টাওয়ার, রেড ক্রিসেন্ট টাওয়ার (লেভেল-৪ ও ৫),৩৭/৩/এ,ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৫. মহাপরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
৭. ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন, পলাশী-নীলক্ষেত, ঢাকা
৮. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল)..................................,যুগ্মপ্রধান (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. চেয়ারম্যান, এন.সি.টি.বি., মতিঝিল, ঢাকা
১১. মহাপরিচালক, আন্তর্জাতিক মার্তৃভাষা ইন্সটিটিউট, ঢাকা
১২. মহাপরিচালক, জাতীয় শিক্ষা একাডেমি (নায়েম)
১৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ও সভাপতি, আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি
১৪. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা
১৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮.উপসচিব (সকল)..................................../উপপ্রধান (সকল)..................................., মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১৯. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২০. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, পলাশী-নীলক্ষেত, ঢাকা
২১. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট, পলাশী-নীলক্ষেত, ঢাকা
২২. সিনিয়র সহকারী সচিব (সকল)....................................../সিনিয়র সহকারী প্রধান (সকল)..................... মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২৩. সিনিয়র সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২৪. সহকারী সচিব (সকল)..........................................., মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

২৯/৭/২০১৯

(মোঃ রাহেদ হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৪৬৫৬৩
ই-মেইল : sas_s4@moedu.gov.bd

D:\MEETING RESULATIONS 15 August meeting regulation 2019.docx